

সূত্র

প্রিন্ট: ১২ ফেব্রুয়ারি ২০২৫, ১২:১৬ পিএম

সারাদেশ

বেরোবির দুই হলের নাম পরিবর্তন



রংপুর ব্যুরো

প্রকাশ: ০৯ ফেব্রুয়ারি ২০২৫, ১০:১৮ পিএম



বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় রংপুরের ছাত্র ও ছাত্রীদের দুটি আবাসিক হলের নাম পরিবর্তন করা হয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের নাম পরিবর্তন করে 'বিজয় ২৪ হল' এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের নাম পরিবর্তন করে 'শহীদ ফেলানী হল'

নতুনভাবে নামকরণ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

শনিবার প্রশাসনিক ভবনে অনুষ্ঠিত সিন্ডিকেটের ১১০তম সভা শেষে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. শওকাত আলী রাতে সাংবাদিকদের এসব তথ্য জানান।

এ সময় উপাচার্য জানান, বৈষম্যবিরোধী আন্দোলনে শহিদ আবু সাঈদের অবদানকে স্মরণীয় করে রাখতে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে প্রতি বছর ১৬ জুলাই শহিদ আবু সাঈদ দিবস যথাযথ মর্যাদায় পালনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এদিন বিশ্ববিদ্যালয়ে ক্লাস-পরীক্ষা বন্ধ রাখা হবে, তবে প্রশাসনিক কার্যক্রম চলমান থাকবে। উপাচার্য তার বক্তব্যে এ দিবসটি জাতীয় পর্যায়ে সব শিক্ষাপ্রতিষ্ঠানে পালনের আহ্বান জানান।

উপাচার্য আরও বলেন, জুলাই আন্দোলনে বেরোবির আহত শিক্ষার্থীদের জন্য বিশ্ববিদ্যালয়ের সব ধরনের ফি মওকুফের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

তিনি আরও জানান, প্রতি বছর ভাষার মাস ফেব্রুয়ারিতে বিশ্ববিদ্যালয় প্রশাসনের উদ্যোগে শহিদ আবু সাঈদের নামে ৭ দিনব্যাপী বইমেলা আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. শওকাত আলীর সভাপতিত্বে সিন্ডিকেট সভায় অন্য সদস্যরা উপস্থিত ছিলেন।

